# ভারতে সৌদি আরবের বিদেশ মন্ত্রীর সরকারি সফর
# (০৭-০৮ মার্চ, ২০১৬)

মাননীয়া পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজের আমন্ত্রণে, সৌদি আরব রাজতন্ত্রের বিদেশ বিষয়ক মন্ত্রী মাননীয় জনাব আদেল বিন আহমেদ আল-জুবেইর ২০১৬-র ৭-৮ মার্চ নয়াদিল্লিতে তাঁর প্রথম সরকারি সফরে আসতে চলেছেন।

সফর চলাকালীন দুই মন্ত্রী দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের সমস্ত ক্ষেত্র নিয়ে আলোচনা করবেন। পাশাপাশি যৌথ স্বার্থসম্বন্ধীয় আঞ্চলিক এবং আন্তর্জাতিক নানা বিষয়েও আলোচনা করবেন তাঁরা। এর আগে ২০১৬ সালের ২৪ জানুয়ারি, বাহরিনের মানামায় প্রথম ভারত আরব লিগ মন্ত্রীপর্যায়ের বৈঠকের ফাঁকে তাঁদের সাক্ষাৎ হয়েছিল।

ভারত এবং সৌদি আরব, দু'দেশেই মানুষের মধ্যেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, যা মানুষে-মানুষে যোগাযোগের ঘনিষ্ঠতার উপর ভিত্তি করে গড়ে উঠেছে। আমাদের দু'দেশের এই 'কৌশলগত অংশীদারিত্ব' যা ২০১০ সালে দু'দেশের তরফেই প্রতিষ্ঠিত হয়েছিল, রিয়াধ ঘোষণার মধ্য দিয়ে তা রাজনৈতিক, অর্থনৈতিক, নিরাপত্তাগত এবং প্রতিরক্ষাগত ক্ষেত্রে আরও গভীরভাবে যোগদানের বিষয়টি দূরদৃষ্টি দিয়ে দেখেছিল। সাম্প্রতিককালে, যৌথ স্বার্থসম্বন্ধীয় নানা গুরুত্বপূর্ণ বিষয় যেমন শক্তিসম্পদের নিরাপত্তা, বাণিজ্য এবং পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পগুলিতে দ্বিপাক্ষিক সহযোগিতা বজায় রাখার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

২০১৪-১৫ সালে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৪০০০ কোটি মার্কিন ডলারে পৌঁছনোর সঙ্গে সঙ্গেই সৌদি আরব ভারতের চতুর্থ বৃহত্তম অংশীদারে পরিণত হয়েছে। একইসঙ্গে সৌদি আরব ভারতে বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী দেশ, কারণ আমাদের দেশের মোট তেল আমদানির প্রায় এক পঞ্চমাংশ সেখান থেকেই আসে।

সৌদি আরবে বসবাসকারী মানুষদের মধ্যে নিজের দেশ ছেড়ে বাইরে থাকা মানুষদের বৃহত্তম সম্প্রদায় ভারতীয়দেরই এবং তাঁদের আতিথ্যদানকারী দেশের উন্নয়ন এবং বিকাশে তাঁদের ইতিবাচক অবদান সুস্বীকৃত। সৌদি আরবে বর্তমানে ২৯.৬০ লক্ষেরও বেশি ভারতীয় নাগরিক কর্মরত রয়েছেন।

**নয়াদিল্লি**

**৭ মার্চ, ২০১৬**